

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
পরিকল্পনা-৪ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.১২৪.১৪.০৫৩.১৮.১৮৯

তারিখ: ১৭ ভাদ্র ১৪২৮

০১ সেপ্টেম্বর ২০২১

বিষয়: “হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বিশেষ উন্নয়ন” শীর্ষক প্রকল্পের ওপর গত ২৯/০৬/২০২১ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটি (ডিপিইসি)'র সভার সিদ্ধান্ত ৪.১ বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্র: হাবিপ্রবি/প.উ.ও./১১৫২, তারিখ: ০৯/০৮/২০২১ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বিশেষ উন্নয়ন” শীর্ষক প্রকল্পের ওপর গত ২৯/০৬/২০২১ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটি (ডিপিইসি)'র সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক. সাবেক প্রকল্প পরিচালকের সময়ে অনুমোদিত ডিপিপি'র অতিরিক্ত ব্যয়ে চুক্তি সম্পাদন প্রক্রিয়ায় তার সম্পৃক্ততার একটি তালিকা প্যাকেজের নাম, অনুমোদিত ব্যয়, চুক্তি মূল্য, চুক্তির তারিখ, বিল পরিশোধের তারিখসহ এ বিভাগে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক দাখিল করতে হবে। উক্ত তালিকা পাওয়ার পরে খুলনা বিশ্ববিদ্যালয়ে তা প্রেরণ করে তাকে সে বিশ্ববিদ্যালয়ের চলমান উন্নয়ন প্রকল্পের সকল দায়িত্ব থেকে অব্যাহতি প্রদান করার জন্য নির্দেশ প্রদান করা হবে।

০২। উক্ত সিদ্ধান্তের আলোকে ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রোক্ত পত্রের বিষয়ে ডিপিইসি সভার সিদ্ধান্তের আলোকে “হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বিশেষ উন্নয়ন” শীর্ষক প্রকল্পের সাবেক পিডি বর্তমানে খুলনা বিশ্ববিদ্যালয়ের “খুলনা বিশ্ববিদ্যালয়ের অধিকতর অবকাঠামো উন্নয়ন (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসেবে কর্মরত। ডিপিইসি সভার সিদ্ধান্ত মতে জনাব প্রফেসর ড. উত্তম কুমার মজুমদার-কে “খুলনা বিশ্ববিদ্যালয়ের অধিকতর অবকাঠামো উন্নয়ন (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের দায়িত্ব থেকে অব্যাহতি দেয়া প্রয়োজন। একই সাথে পরিকল্পনা বিভাগ কর্তৃক ০৯/০২/২০১৬ খ্রিস্টাব্দে জারিকৃত ২০.৮০৪.০২২.০০.০০.০০৬.২০১০/০৪ নং স্মারক মতে প্রকল্প পরিচালক নিয়োগের জন্য প্রস্তাব প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা হতে এ বিভাগে প্রেরণ করা আবশ্যিক।

এমতাবস্থায়, “হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বিশেষ উন্নয়ন” শীর্ষক প্রকল্পের ওপর গত ২৯/০৬/২০২১ তারিখে অনুষ্ঠিত ডিপিইসি সভার সিদ্ধান্ত মতে জনাব প্রফেসর ড. উত্তম কুমার মজুমদার, প্রকল্প পরিচালক, “খুলনা বিশ্ববিদ্যালয়ের অধিকতর অবকাঠামো উন্নয়ন (১ম সংশোধিত) প্রকল্প”, খুলনা বিশ্ববিদ্যালয়-কে প্রকল্প পরিচালকের পদ হতে অব্যাহতি প্রদান করে পরিকল্পনা শৃঙ্খলা অনুযায়ী প্রকল্প

পরিচালক নিয়োগের নিমিত্ত প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: কার্যবিবরণী।



১-৯-২০২১

মোহাম্মদ রফিকুল ইসলাম
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ৯৫৪০৬১৪

ইমেইল:

planning.sec4@shed.gov.bd

বিতরণ :

- ১) চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন,
আগারগাঁও, ঢাকা।
- ২) উপাচার্য, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.১২৪.১৪.০৫৩.১৮.১৮৯/১(৬)

তারিখ: ১৭ ভাদ্র ১৪২৮
০১ সেপ্টেম্বর ২০২১

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) সচিব এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) প্রকল্প পরিচালক, হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বিশেষ উন্নয়ন প্রকল্প, হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর।
- ৫) প্রকল্প পরিচালক, খুলনা বিশ্ববিদ্যালয়ের অধিকতর অবকাঠামো উন্নয়ন (১ম সংশোধিত) প্রকল্প, খুলনা বিশ্ববিদ্যালয় খুলনা।
- ৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



১-৯-২০২১

মোহাম্মদ রফিকুল ইসলাম
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)